

ফের আন্দোলনে জাবি শিক্ষকরা

■ বিশেষ প্রতিশোধ/জাবি প্রতিশোধ
উপাচারের পদত্যাগের দাবিতে ফের আন্দোলনে নামছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষকদের একাংশ। সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে আগামী শনিবার থেকে তিন দিনের টানা ধর্মঘট ডেকেছেন তারা। এর মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ে মাত্র এক ঘণ্টার মাধ্যমে ফের শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম ব্যাহত হতে থাকবে। আন্দোলনকারী শিক্ষকরা আপটিমেটাম দিয়ে বলেছেন, আগামী সোমবারের মধ্যে উপাচার্য অধ্যাপক মোঃ আনোয়ার হোসেনকে পদত্যাগ করতে হবে। না হলে আরও কঠোর কর্মসূচি নেওয়া হবে।

আমরা তিন সপ্তাহের পর্যন্ত সময় চেয়েছি। এই সময়ের মধ্যেই প্রতিবেদন জমা দেওয়া হবে। তদন্তের জন্য সময় বাড়িয়ে নেওয়ার কারণ জানতে চাইলে তিনি বলেন, তদন্তকালে কিছু বিষয়ে আমাদের খটকা লেগেছে। এসবের খুঁটিনাটি জানতে ও যাচাই-বাছাই পরীক্ষা করে দেখতে বাড়তি সময় লাগবে। জানা গেছে, তদন্ত কমিটি বিশ্ববিদ্যালয়ে সবেজমিনে গিয়ে শিক্ষকদের উভয় গ্রুপ, সাধারণ শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের সাবেকদের সঙ্গে কথা বলেছে।

মাত্র এক ঘণ্টা আগেই শিক্ষকদের আন্দোলনের কারণে দীর্ঘদিন অচল ছিল জাবি। গত ২১ থেকে ২৪ আগস্ট পর্যন্ত উপাচার্যকে তার কার্যালয়ে টানা অবরুদ্ধ করে রাখা হয়। গত ২৪ আগস্ট শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদেভর সঙ্গে সাধারণ শিক্ষক ফোরামের শিক্ষকদের

শনিবার থেকে তিন দিনের কর্মবিরতি

এদিকে, নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দেওয়া হয়নি অভিযোগে তুলে আন্দোলনকারী সাধারণ শিক্ষক ফোরামের নেতারা গতকাল নতুন কর্মসূচির ঘোষণা দেন। বিশ্ববিদ্যালয়ে এক সন্ধ্যা সন্মেলনে ডিঙ্গির পদত্যাগ দাবিতে সর্বাঙ্গিক কর্মবিরতির ঘোষণা দেন। এর আগে দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ার শিক্ষক লাউজে

এক বৈঠকে সিদ্ধান্ত হয়েছিল, ডিঙ্গি অধ্যাপক আনোয়ার হোসেনের বিরুদ্ধে আন্দোলনকারী শিক্ষকদের উত্থাপিত অভিযোগগুলো তদন্ত করা হবে। ১৫ দিনের মধ্যে এ বিষয়ে তদন্ত করে প্রতিবেদন চূড়ান্ত করা ও ডিঙ্গির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের সত্যতা প্রমাণ পেলে তাকে অপসারণেরও সিদ্ধান্ত নেওয়া হয়। এই সভার সিদ্ধান্ত অনুযায়ী ২ সেপ্টেম্বর পিকা মন্ত্রণালয় থেকে দুই সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। ইউজিপিএর সদস্য অধ্যাপক মুহিবুর রহমানের নেতৃত্বে এ কমিটির অপর সদস্য পিকা মন্ত্রণালয়ের মুগ্ধ সচিব (কলেজ) মোহাম্মদ আহসানুল জব্বার। এ কমিটির এক কার্যবিবরণের মেয়াদ ২৪ সেপ্টেম্বর শেষ হয়েছে। কমিটি প্রতিবেদন চূড়ান্ত করার জন্য সরকারের কাছে আরও কয়েক দিন সময় চেয়েছে। তদন্ত কমিটির প্রতিবেদন চূড়ান্ত হওয়ার আগেই আন্দোলনকারী শিক্ষকরা ফের আন্দোলনের ডাক দিলেন।

আন্দোলনরত শিক্ষকদের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে বিকেল ৩টার সন্ধ্যা সন্মেলনে সাধারণ শিক্ষক ফোরামের সদস্য সচিব অধ্যাপক কামরুল আহসান জানান, আগামী শনি থেকে সোমবার টানা তিন দিন সর্বাঙ্গিক ধর্মঘট কর্মসূচি পালন করবেন শিক্ষকরা। রাস ও ঘোষিত পরীক্ষা এর আওতাধীন থাকবে। অবশ্য চলমান পরীক্ষা এর আওতাভুক্ত থাকবে।

কবে তদন্ত প্রতিবেদন সরকারের কাছে জমা দেওয়া হবে - জানতে চাইলে তদন্ত কমিটির প্রধান অধ্যাপক মুহিবুর রহমান গতকাল সমকালকে বলেন, '২২ সেপ্টেম্বর পিকা মন্ত্রণালয়ে চিঠি দিয়ে তদন্তের জন্য

অধ্যাপক কামরুল আহসান বলেন, পিকামন্ত্রীর সঙ্গে বৈঠকের পর দেওয়া সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হয়নি। এমনকি কারণ পক্ষ থেকেই আন্দোলনরত শিক্ষকদের সঙ্গে কোনো যোগাযোগও করা হয়নি। তাই বুধবারের সাধারণ সভার সিদ্ধান্তক্রমেই এ কর্মসূচি ঘোষণা করা হলো।

সন্ধ্যা সন্মেলনে কপা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক সৈয়দ কামরুল আহসান, সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আমির হোসেন, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক আবুল হোসেন, অধ্যাপক শামসুল আলম, অধ্যাপক নুরুল আমম প্রমুখ উপস্থিত ছিলেন।